## কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা কবিতা/গল্প
সংবাদপত্রে প্রকাশিত করতে
যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG



## হলি ডে হোম বুকিং



দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল/রিসোর্ট :-** তারাপীঠ,দিঘা ,পুরী, চিলকা, দার্জিলিং,আন্দামান । **হোম স্টে :-** আলিপুরদুয়ার। **বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর। বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে।
ফোন নং: **9062867921** ।



ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 7 OCTOBER 2025 ,TUESDAY | ৭ অক্টোবর ২০২৫ ,মঙ্গলবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-411


## বন্যায় ক্ষতিগ্রস্ত চা বাগানের বাসিন্দারা ঘরে ফিরছেন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ অক্টোবর : বন্যায় ব্যাপক ক্ষতি সুভাষিনি চা বাগানে। মাথায় হাত বাগান কতৃপক্ষের। সুভাষিনি চা বাগানে ৯০ হেক্টর চা গাছ ক্ষতি হয়েছে। পুরো ৯০ হেক্টরে পূনরায় চা গাছ হবে কিনা এই সন্দেহ প্রকাশ করছে বাগান কতৃপক্ষ। পলি মাটিতে সব চা গাছ চাপা পড়েছে। সোমবার জল কমেছে কিন্ত কাদা মাটিতে পরিপূর্ণ বাড়ি ঘর বর্তমানে এই চিত্র উঠে আসছে বন্যা কবলিত সুভাষিনি চা বাগান এলাকা থেকে।গতকাল রবিবার তোর্ষা নদীর জলস্তর বৃদ্ধি পেয়েছিল এমনকি তিন জায়গায় বাঁধ ভেঙ্গে যায় আর ভাঙ্গা অংশ দিয়ে জল হু হু করে গ্রামে প্রবেশ করে। বাসিন্দাদের এখান থেকে উদ্ধার করে প্রশাসনের থেকে প্রাথমিক বিদ্যালয়ে নিয়ে যাওয়া হয়। বর্তমানে জল নেমেছে বাসিন্দারা ঘরে প্রবেশ করছে তারা সবাই কাদা মাটি পরিষ্কার করছে।

## বন্যার ত্রাণ বিলি নিয়ে উত্তেজনা



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৬ অক্টোবর : আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের ভল্কা দুই নম্বর গ্রাম পঞ্চায়েতের মাঝেরডাবরী বিষ্ণুনগর নতুন বাজার এলাকায় সোমবার বন্যার্তদের মধ্যে ত্রাণ বিলি ক্করা নিয়ে ব্যপক উত্তেজনার সৃষ্টি হয়। ধাক্কাধাক্কি শুরু হয় বিজেপি ও তৃণমূল কর্মী সমর্থকদের মধ্যে। জানা গেছে এদিন কুমারগ্রামের বিজেপি বিধায়ক মনোজ কুমার ওঁরাও, বিজেপির কর্মী সমর্থকদের নিয়ে ঐ এলাকায় ত্রান বিলি করতে যান। সেই সময় সেখানে উপস্থিত তৃণমূল কর্মী সমর্থকদের সাথে তাদের কথা কাটাকাটি সহ ধাক্কাধাক্কি শুরু হয়। বিধায়ক মনোজ কুমার ওঁরাও জানান পূর্ব পরিকল্পিত ভাবে এদিন তৃণমূল অঞ্চল নেতৃত্ব তাদের উপর আক্রমন চালায়। তার অভিযোগ এই এলাকায় তৃণমূল নেতৃত্ব কোনো উন্নয়ন করেনি। এলাকায় আসার জন্য নেই রাস্তা। বিধায়ককে কাছে পেয়ে জনগন যাতে তাদের সমস্যার কথা বলতে না পারে তার জন্য তৃণমূল এর অঞ্চল নেতৃত্ব এই হামলা করে তাদের এলাকায় ঢুকতে বাধা দিয়েছে। তার উপর আক্রমন করা হয়েছে বলেও দাবি বিধায়কের। অপরদিকে তৃণমূলের অঞ্চল সভাপতি ভিক্টর রায় জানান এলাকায় রবিবার সকালে বাড়ি বাড়ি জল ঢুকে প্লাবিত হয়েছে। তৃণমূল কর্মী সমর্থকরা তখন থেকেই বন্যার্তদের পাশে থেকে সহায়তা করে যাচ্ছেন। বিধায়ক একদিন বাদে এলাকায় আসায় সাধারন মানুষ ক্ষেপে গিয়ে বিক্ষোভ প্রদর্শন করেন। এলাকার এক বৃদ্ধ ব্যক্তিকে বিধায়ক আঘাত করে আহত করেন আর এতেই সাধারন মানুষ আরও ক্ষিপ্ত হয়ে এই বিক্ষোভ করেন।


## উত্তরের বন্যা পরিস্থিতি পরিদর্শনে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ৬ অক্টোবর : শনিবার রাতভর বৃষ্টি ও ভুটান থেকে আসা জলে রবিবার প্লাবিত হয় শিলিগুড়ি, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহার এর বিস্তীর্ণ এলাকা। প্রচুর বাড়িঘতে জল ঢুকে ব্যপক ক্ষয় ক্ষতি হয়। মৃত্যু হয়েছে বেশ কয়েকজনের। ভেঙ্গেছে রাস্তা সহ কয়েকটি সেতু। বিপর্যস্ত হয়েছে জনজীবন। সোমবার রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় উত্তরের বন্যা কবলিত এলাকা পরিদর্শনে আসেন। তিনি এদিন হাসিমারা সেনা ছাউনিতে হেলিকপ্টার করে আসেন। সেখান থেকে সড়ক পথে বন্যার্ত এলাকা গুলি পরিদর্শন করেন। নাগরাকাটায় ক্ষতিগ্রস্ত সেতু, রাস্তা পরিদর্শনের পর তিনি বন্যা কবলিত সাধারন মানুষের সাথে কথা বলেন। বন্যায় মৃতদের পরিবারের হাতে তুলে দেন পাঁচ লক্ষ টাকার চেক ও মৃতদের পরিবারের একজনকে হোমগার্ডের চাকরি দেওয়া হবে বলে জানান। এজন্য স্থানীয় পুলিশ প্রশাসন কে সমস্ত প্রক্রিয়া সম্পন্ন করার নির্দেশ দেন। মুখ্যমন্ত্রী বলেন অতিরিক্ত বৃষ্টি ও প্রতিবেশী রাষ্ট্র ভুটান থেকে জল ছাড়ায় ডুয়ার্সের নদীগুলিতে জলস্ফীতি ঘটেছে। এই সংকটে সকলকে ধৈর্য্য ধরতে বলেন। রাজ্য সরকার বন্যায় ক্ষতিগ্রস্তদের যথাযথ সহায়তা করবে। কোথায় কি ক্ষতি হয়েছে তার মূল্যায়ন সহ বিস্তারিত রিপোর্ট তৈরির জন্য প্রশাসনিক কর্তাদের নির্দেশ দেন। পাশাপাশি বন্যার্তদের সব রকম সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসনের কর্তাদের নির্দেশ দেন।


## হলি ডে হোম বুকিং

দর্শনীয় ভ্রমণের জায়গা-
**তারাপীঠ**(হোটেল),**দিঘা**(হোটেল/রিসোর্ট) ,**পুরী**(হোটেল/রিসোর্ট), **চিলকা**(হোটেল), **দার্জিলিং**(হোটেল), **আলিপুরদুয়ার**(হোম স্টে),**খেজুরি-পূর্ব মেদিনীপুর**(বাগান বাড়ি),**আন্দামান** (হোটেল) ।
বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে।
ফোন নং: **৯০৬২৮৬৭৯২১** ।



# টিউশন পড়তে গিয়ে নিখোঁজ যুবতী




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ অক্টোবর : টিউশন পড়তে গিয়ে রহস্যজনকভাবে নিখোঁজ হয়ে গেল ভাটি বাড়ি এলাকার যুবতী শিপ্রা রায়। এমনটাই জানা গেছে শামুকতলা থানার পুলিশ সূত্রে সোমবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ। ১৯ বছর বয়স্ক শিপ্রা গত শনিবার সকাল সাতটা নাগাদ বাড়ি থেকে বের হয় টিউশন পড়ার নাম করে। এরপর থেকে তার আর কোন খোঁজ পাওয়া যায়নি। ৫ ফুট ৩ ইঞ্চি উচ্চতা শ্যাম বর্ণ গায়ের রং শিপ্রার নিখোঁজের বিষয়টি নিয়ে তার বাবা শামুকতলা থানার পুলিশের কাছে অভিযোগ দায়ের করার পর পুলিশ একটি নিখোঁজের মামলা শুরু করেছে।

# দেড় বছরের কন্যাকে নিয়ে নিখোঁজ মা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ অক্টোবর : দেড় বছরের কন্যা সন্তানকে নিয়ে নিখোঁজ হয়েছেন এক গৃহবধু তার বাবার বাড়ি থেকে। নিখোঁজ গৃহবধুর মা শামুকতলা থানায় এসে নিখোঁজের অভিযোগ দায়ের করেছেন এমনটাই জানা গেছে পুলিশ সূত্রে সোমবার বিকেল পাঁচটা নাগাদ। গত সেপ্টেম্বর মাসের ৩০ তারিখ বেলা ১১ টা নাগাদ গৃহবধূ অর্চনা দাস বর্মন তার দেড় বছরের কন্যাকে নিয়ে রহস্যজনক ভাবে নিখোঁজ হয়ে যান পূর্ব চেপানী এলাকার বাড়ির সামনে থেকেই। পুলিশ একটি মামলা শুরু করেছে অভিযোগ পাওয়ার পর।

# দুর্গতদের সঙ্গে কথা বললেন বিজেপির জেলা নেতা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ অক্টোবর : আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের বিভিন্ন এলাকা পরিদর্শন করলেন বিজেপির জেলা সভাপতি মিঠু দাস এমনটাই জানা গেছে দলীয় সূত্রে সোমবার বিকেল পাঁচটা নাগাদ। গত রবিবার অতিরিক্ত বৃষ্টির ফলে আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের বিভিন্ন এলাকা প্লাবিত হয় । সাধারণ মানুষ দুর্ভোগে পড়ে। প্রচুরভাবে ক্ষতিগ্রস্ত হয় সাধারণ মানুষ বাড়িতে জল ঢোকার দরুণ। সোমবার আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের শালকুমার সহ বিভিন্ন এলাকা পরিদর্শন করে এলাকার বাসিন্দাদের সঙ্গে কথা বলেন বিজেপির জেলা সভাপতি মিঠু দাস।

# হারিয়ে গেছে স্ত্রী, পুলিশের দ্বারস্থ স্বামী



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ অক্টোবর : স্ত্রীকে খুঁজে দেওয়ার জন্য পুলিশের দারস্থ হয়েছে তার স্বামী ঘটনায় চাঞ্চল্য তৈরি হয়েছে শামুকতলা থানার দক্ষিণ চালকর এলাকায়। এমনটাই জানা গেছে শামুকতলা থানার পুলিশ সূত্রে সোমবার বিকেল পাঁচটা নাগাদ। চলতি মাসের ২ তারিখ বিকেল পাঁচটা নাগাদ ১৯ বছরের গৃহবধূ অনিন্দিতা রায় বাড়ির সামনে দাঁড়িয়ে থাকাকালীন নিখোঁজ হয়ে যায়। এদিকে বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজির পর তার স্বামী অবশেষে পুলিশের দ্বারস্থ হয়েছেন। পুলিশ নিখোঁজের অভিযোগ পাওয়ার পরেই তদন্ত শুরু করেছে। এদিকে স্ত্রীকে না পেয়ে বিপাকে পড়েছেন তার স্বামী জানা গেছে পুলিশ সূত্রে।

# ত্রান বিলি করতে গেলে বিজেপি বিধায়কের উপর হামলা তৃণমূলের, এই অভিযোগে পথ অবরোধ বিজেপির



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৬ অক্টোবর : আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের ভল্কা দুই নম্বর অঞ্চলের মাঝেরডাবরি বিষ্ণুনগর নতুন বাজারে সোমবার দুপুরে বন্যার্তদের ত্রান বিলি করতে যান কুমারগ্রামের বিজেপি বিধায়ক মনোজ কুমার ওঁরাও। সেই সময় নতুনবাজারে উপস্থিত তৃণমূলের অঞ্চল নেতৃত্ব বিধায়কের উপর হামলা চালায় বলে অভিযোগ খোদ বিধায়কের। বিধায়ক মনোজ কুমার ওঁরাও জানান এদিন তিনি কয়েকজন বিজেপি কার্যকর্তাকে সাথে নিয়ে ঐ এলাকায় বন্যার্তদের ত্রান বিলি করতে যান। সেই সময় তৃণমূলের অঞ্চল নেতৃত্ব তার উপর হামলা চালায়। এর প্রতিবাদে সোমবার বিকালে বারোবিশা কুমারগ্রাম রাজ্য সড়জ অবরোধ করেন বিজেপি কর্মী সমর্থকরা। অবরোধের ফলে আটকে পড়ে আলিপুরদুয়ার গামী বহু যানবাহন। অবরোধ স্থলে বক্তব্য রাখেন বিধায়ক,বিজেপির আলিপুরদুয়ার জেলা সম্পাদক বিপ্লব দাস সহ অন্যান্য নেতৃত্ব। অবরোধের খবর পেয়ে বারোবিশা ফাঁড়ির পুলিশ ঘটনাস্থলে পৌঁছে অবরোধ তুলে দেয়।

# নাগরাকাটায় বন্যা কবলিত এলাকা পরিদর্শনে গিয়ে আক্রান্ত বিধায়ক ও সাংসদ



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ৬ অক্টোবর : জলপাইগুড়ি জেলার নাগরাকাটায় বন্যা কবলিত এলাকা পরিদর্শনে গিয়ে সোমবার আক্রান্ত হন সিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ ও মালদহ উত্তরের সাংসদ খগেন মূর্মু। জানা গেছে এদিন বিজেপি সাংসদ ও বিধায়ক নাগরাকাটায় বন্যা কবলিত এলাকা পরিদর্শনে গিয়ে একটি গ্রামে কিছু মানূষের দ্বারা আক্রান্ত হন। বিধায়ক শংকর ঘোষ জানান তাদের উপর জুতো ছুড়ে আক্রমন করা হয়। হামলার মুখে তারা যখন গাড়ি করে এলাকা ছাড়তে চান সে সময় গাড়ির উপর  ইট পাথর ছুড়তে থাকে। ইট পাথরের ঘায়ে রক্তাক্ত হন সাংসদ খগেন মূর্মু, তাকে স্থানীয় হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়। বিধায়ক শংকর ঘোষের ও চোট লাগে, তদের গাড়ির কাঁচ ভেঙ্গে যায়। বিধায়ক এর অভিযোগ তৃণমুলের কর্মীরাই এই হামলা চালিয়েছে। তৃণমূল এই অভিযোগ অস্বীকার করে। তৃণমূল নেতা তথা উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ বলেন কোনো ত্রান সামগ্রী ছাড়াই দশটি গাড়ির কনভয় নিয়ে এদিন বিজেপি সাংসদ ও বিধায়ক নাগরাকাটায় যান শুধুমাত্র ফটোশুটের উদ্দ্যেশ্যে। তাদের দেখে বন্যা কবলিত সাধারন মানুষ রেগে গিয়ে এই ঘটনা ঘটিয়েছেন। এর সাথে তৃণমূলের কোনো সম্পর্ক নেই। তৃণমূল হিংসাত্মক কার্যকলাপ সমর্থন করেনা। বিজেপি নেতারা তাদের কার্যফল ভোগ করেছেন। কারন তৃণমূল কর্মীরা প্রথম থেকেই বন্যা কবলিত এলাকায় বন্যার্তদের পাশে দাঁড়িয়ে সহায়তা করে যাচ্ছে সেখানে বিজেপি বিধায়ক ও সাংসদ পরেরদিন এলাকায় যাওয়া মাত্রই সাধারন মানুষ ক্ষেপে যায় এই ঘটনা ঘটায়। এর জন্য দায়ী বিজেপির কৃতকর্ম বলেও তিনি মন্তব্য করেন।

# বন্যা কবলিত এলাকা পরিদর্শনে বনমন্ত্রী



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,৬ অক্টোবর : সোমবার আলিপুরদুয়ার জেলার বন্যা কবলিত এলাকা পরিদর্শন করলেন রাজ্যের বনমন্ত্রী বীর বাহা হাঁসদা। এদিন প্রধান মুখ্য বনপাল দেবর রায় কে সঙ্গে নিয়ে জলদাপাড়া জাতীয় উদ্যান পরিদর্শন করলেন। গত রবিবার পাহাড়ের অতিরিক্ত বৃষ্টি এবং পাহাড়ের জল ডুয়ার্সে নেমে এসেছে। এর ফলে ভয়াবহ বন্যার পরিস্থিতির দরুন জঙ্গল সাফারি বন্ধ হয়ে গেছে।  পর্যটকরা আটকে রয়েছে। সোমবার সকাল থেকে পর্যটকদের উদ্ধার করা শুরু করল পে লোডার দিয়ে প্রশাসনিক কর্তারা।  পর্যটনের মর্ষম শুরু হয়েছে এরই মধ্যে বিধংসী বন্যায় জলদাপাড়ার একশৃঙ্ঘ গন্ডারের আবাসভূমি ধ্বংস হয়ে গেছে । পর্যটন কেন্দ্রগুলি জনশূন্য হয়ে গেছে। অলং নদী প্রবল স্রোতে একমাত্র কাঠের সেতু ভেসে গেছে।  হাতি সাফারির টিকিট কাউন্টারে যাওয়ার রাস্তা বিচ্ছিন্ন হয়ে গেছে। অনির্দিষ্ট কালের জন্য বন্ধ হয়ে গেছে জঙ্গল সাফারি। সোমবার রাজ্যের বনমন্ত্রী বীর বাহা হাঁসদা বলেন যত দ্রুত সম্ভব চেষ্টা করে জঙ্গল সাফারি চালু করা হবে।  বন্যায় কি পরিমান ক্ষতি হয়েছে তা এখনই বলা সম্ভব হচ্ছে না।  ক্ষয়ক্ষতি নিয়ে আমরা মূল্যায়ন করছি।  তোর্সা এবং শিসা মারা নদীর জল ইতিমধ্যেই নেমে গেছে। কৃষি জমি থেকে শুরু করে বন্য জন্তুর ঘাসের জমি পলি দিয়ে ঢেকে গেছে।  বেশকিছু জায়গায় ডলোমাইট করেছে। পলির পরিমাণ ৫ থেকে ৬ ফুট। এদিন ১২৮ জন পর্যটককে নিরাপদে শরিয়া না হয়েছে। বিশ জন পর্যটককে এ লোডারের সাহায্যে উদ্ধার করা হয়েছে।  আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের বিভিন্ন প্রান্তে সকাল থেকে তিনটি গন্ডার দাপিয়ে বেড়াচ্ছে।  বনদপ্তর এর কর্মীরা কুনকি হাতি ব্যবহার করে গন্ডার গুলিকে জঙ্গলমুখো করার চেষ্টা করছেন।  মন্ত্রী হাজদা শেষে বলে গেছেন ভেসে যাওয়া সেতু পুনঃনির্মাণ এবং সাফারি পুনরায় শুরু করায় তাদের প্রধান লক্ষ্য। আশা করি পর্যটকরা খুব শীঘ্রই জঙ্গল সাফারি করতে পারবেন।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |